গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

# APA টিমের ৫ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ বেলায়েত হোসেন তালুকদার<br>APA টিম প্রধান ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| তারিখ | : ২২ মার্চ ২০২২ |
| সময় | : বেলা ৩.০০ মিনিট। |
| সভার স্থান | : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ। |

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি APA ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমেই ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত APA টিমের ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে APA টিমের আজ ৫ম সভা। ২০২১-২০২২ অর্থবছরে APA এর অগ্রগতি এবং Model APA প্রণয়নের বিষয়ে আলোচনার লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত Bank Executed Trust Fund (BETF) এর আর্থিক সহায়তায় Model APA প্রস্তুতের লক্ষ্যে পরামর্শক হিসেবে জনাব মোঃ মহিউদ্দীন খান, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত)-কে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগপ্রাপ্ত পরামর্শক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ ৪টি মন্ত্রণালয়/বিভাগের বিদ্যমান APA পর্যালোচনা এবং সংশ্লিষ্ট অংশীজন ও মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আলোচনা করে Model APA প্রস্তুত করবেন। পরামর্শক মহোদয় আজকের সভায় উপস্থিত আছেন। আজকের সভায় আরো উপস্থিত আছেন মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখার উপসচিব ড. মোহাম্মদ আজিজুল হক। ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগের ২০২১-২০২২ অর্থবছরে APA এর অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি ২০২১-২০২২ অর্থবছরে APA এর অগ্রগতির বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি Model APA বিষয়ে ধারণা প্রদানের জন্য জনাব মোঃ মহিউদ্দীন খান, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) ও পরামর্শক, Model APA-কে অনুরোধ জানান। পরামর্শক মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধিকে এ বিষয়ে প্রাথমিক ধারণা প্রদানের অনুরোধ জানান। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ Model APA প্রণয়নের উদ্যোগ নিয়েছে। Model APA প্রণয়নের জন্য ০৪টি মন্ত্রণালয়/বিভাগকে নির্বাচন করা হয়েছে যার মধ্যে অন্যতম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। Model APA প্রণয়নের জন্য জনাব মোঃ মহিউদ্দীন খান, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) মহোদয়-কে পরামর্শক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের Model APA প্রণয়নের বিষয়ে পরামর্শ দিয়ে সহযোগিতা প্রদান করবেন। পরবর্তীতে প্রস্তুতকৃত Model APA-এর আলোকে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ তাদের APA প্রণয়ন করবেন। তিনি এ বিষয়ে বিস্তারিত ধারণা প্রদানের জন্য পরামর্শক মহোদয়কে অনুরোধ জানান।

৩.০ পরামর্শক মহোদয় বলেন যে, প্রথমত তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের APA বিশ্লেষণ করবেন। বিশ্লেষণ শেষে আরো কি কি কনটেন্ট/বিষয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের APA-তে অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ে পরামর্শ প্রদান করবেন। এ লক্ষ্যে তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব এবং অনুবিভাগ প্রধানদের সাথে আলোচনা করে পরামর্শ প্রদান করবেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যাতে APA-তে প্রতিফলিত হয় এবং একটি ভালো APA প্রণয়ন করাই তার লক্ষ্য। তিনি এ বিষয়ে সকলের

সহযোগিতা কামনা করেন। সভাপতি এ বিষয়ে পরামর্শক মহোদয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। ২০২১-২০২২ অর্থবছরের APA বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৪.০ সিদ্ধান্তসমূহ:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | অবশিষ্ট ৫টি লার্নিং সেশন দ্রুত আয়োজন করতে হবে; | এপিএ টিম প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন কার্যক্রমের যথার্থতা মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রমটি দ্রুত সম্পন্ন করতে হবে; | অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) ও পরিচালক (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর) |
| ০৩ | জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর প্রশিক্ষণ সক্ষমতার উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমটি দ্রুত সম্পন্ন করতে হবে; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও মহাপরিচালক (নায়েম) |
| ০৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে; | অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা) |
| ০৫ | Monthly Activities Execution Calender প্রতি মাসের প্রথমেই সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা/অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে; | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৬ | Model APA প্রণয়নের বিষয়ে পরামর্শক মহোদয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল) |

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/০৩/২২

মোঃ বেলায়েত হোসেন তালুকদার
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
**APA** টিম প্রধান।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২১ (অংশ-১).৫৪

তারিখ: ০৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ / ২৩ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. জনাব মোঃ মহিউদ্দিন খান, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) এবং পরামর্শক, Model APA।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. উপসচিব, কর্মসম্পাদন বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. উপসচিব (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।

26/03/2022

(মোঃ নূর-ই-আলম)
উপসচিব